

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সমাজসেবা অধিদপ্তর
সামাজিক নিরাপত্তা অধিশাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.১৬.০৫২.২১. ২৮৮


তারিখ: ২৫ চৈত্র ১৪৩১
০৮ এপ্রিল ২০২৫

বিষয়: ২০২৪-২০২৫ অর্থবছরে প্রতিস্থাপন ও বর্ধিত কোটায় (প্রযোজ্য ক্ষেত্রে) বয়স্ক ভাতা এবং বিধবা ও স্বামী নিগৃহিতা ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত নতুন MIS এর মাধ্যমে অনলাইন আবেদন গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ২০২৪-২০২৫ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় প্রতিস্থাপন ও বর্ধিত কোটায় (প্রযোজ্য ক্ষেত্রে) বয়স্ক ভাতা এবং বিধবা ও স্বামী নিগৃহিতা ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত নতুন MIS এর মাধ্যমে অনলাইন আবেদন গ্রহণের সময়সীমা ০৯-০৪-২০২৫ থেকে ১৭-০৪-২০২৫ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হলো।

২। মাঠপর্যায়ে বয়স্ক ভাতা এবং বিধবা ও স্বামী নিগৃহিতা ভাতার আবেদন সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ তাদের কর্ম এলাকায় ব্যাপক প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণ করবেন। পূর্বের অনলাইন আবেদন গ্রহণের সকল শর্তাবলী বলবৎ থাকবে।

এমতাবস্থায়, dss.bhata.gov.bd/onlineApplication লিংক ব্যবহার করে অনলাইনে আবেদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


(মো: মোশাররফ হোসেন)
পরিচালক (সামাজিক নিরাপত্তা)
সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
☎ ০২-৪৪৮২৬৮০১

পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল/ময়মনসিংহ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক, CTM প্রকল্প, শ্যামলী ক্যাম্প (১০ম তলা), ঢাকা-১২০৭।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. জেলা প্রশাসক (সকল)।
৬. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল).....।
৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল).....।
৮. Mis specialist, CTM প্রকল্প, ঢাকা। (তাকে বয়স্ক ভাতা এবং বিধবা ও স্বামী নিগৃহিতা ভাতার অনলাইন-এ আবেদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৯. উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয় (সকল).....।
১০. সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয় (সকল).....।
১১. সমাজসেবা অফিসার, তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা।
১২. অফিস কপি।